

বর্ডার গার্ড বাংলাদেশ

প্রেস বিজ্ঞপ্তি

www.bgb.gov.bd


ঢাকা: ০২ জুলাই ২০১৭ (১৮ আশাঢ় ১৪২৪)

বিজ্ঞপ্তি নম্বর-৩৪/২০১৭

বিজিবি'র অভিযানে গত জুন মাসে ৬৮ কোটি ৭৮ লক্ষাধিক টাকার চোরাচালান ও মাদকদ্রব্য জব্দ

বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) গত জুন মাসে দেশের সীমান্ত এলাকাসহ অন্যান্য স্থানে অভিযান চালিয়ে সর্বমোট ৬৮ কোটি ৭৮ লক্ষ ৮৯ হাজার টাকা মূল্যের বিভিন্ন প্রকারের চোরাচালান ও মাদক দ্রব্য আটক করতে সক্ষম হয়েছে। আটককৃত মাদকের মধ্যে রয়েছে ৮০,২০,৭২৩ পিস ইয়াবা ট্যাবলেট, ১২,৯৬৯ বোতল বিদেশী মদ, ৪৮৮ লিটার বাংলা মদ, ১৭,০৯২ বোতল ফেনসিডিল, ৫৯৫ কেজি গাঁজা, ২ কেজি ৪৩৬ গ্রাম হেরোইন, ১,৫০৮ টিএ্যানেগ্রা/সেনেগ্রা ট্যাবলেট, ১,১২,১০৫ টি ইনজেকশন, ১২,২৬,৬১০ টি অন্যান্য ট্যাবলেট। এছাড়াও অন্যান্য চোরাচালান দ্রব্যের মধ্যে ১৬,৭৩৩ পিস শাড়ী, ৪,০৩৪ পিস শ্বিপি/শার্টপিস, ২,১৭৯ মিটার খান কাপড়, ৫০৯ তৈরী পোশাক, ৩৪,০২১ সিএফটি কার্ট ও ১ কেজি ১৭০ গ্রাম স্বর্ণ। গত মাসে বিজিবি'র অভিযানে মাদক পাচারসহ অন্যান্য চোরাচালানে জড়িত থাকার অভিযোগে ১৭৬ জন এবং অবৈধভাবে সীমান্ত অতিক্রমের দায়ে ১০৬ জন বাংলাদেশী নাগরিককে আটক করে থানায় সোপর্দ করা হয়েছে। এছাড়া ভারত হতে বাংলাদেশে অবৈধভাবে সীমান্ত অতিক্রমের দায়ে ০৫ জন ভারতীয় নাগরিককে আটকপূর্বক ৪ জনকে বিএসএফ এর নিকট হস্তান্তর ও ১ জনকে থানায় সোপর্দ এবং বাংলাদেশ-মায়ানমার সীমান্তে ১৯ জন মায়ানমার নাগরিকের অবৈধ অনুপ্রবেশ প্রতিহত করা হয়েছে।

উল্লেখ্য, চলতি বছরের জানুয়ারি হতে জুন মাস পর্যন্ত বিজিবি ৬৯৮ কোটি ৮৬ লক্ষ ৬৪ হাজার টাকা মূল্যের বিভিন্ন প্রকারের চোরাচালান ও মাদক দ্রব্য আটক করতে সক্ষম হয়েছে।



মুহম্মদ মোহসিন রেজা

জনসংযোগ কর্মকর্তা

মোবাইল-০১৭৬৯৬০০৩৩৮

probgb@gmail.com

প্রতি:

- ১। ডিউটি অফিসার, সংবাদ কক্ষ, তথ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান সম্পাদক, বাসস/ইউএনবি/বিডি নিউজ/বাংলা নিউজ/ফোকাস বাংলা, ঢাকা।
- ৩। প্রধান বার্তা সম্পাদক,(জাতীয় দৈনিকসমূহ), ঢাকা।
- ৪। প্রধান বার্তা সম্পাদক,(সকল টিভি চ্যানেল), ঢাকা।
- ৫। প্রধান বার্তা সম্পাদক,(সকল রেডিও চ্যানেল), ঢাকা।